



Worksheet – 3

Subject: Bengali

শ্রেণী পঞ্চম

Date: 16-Apr-20

পাঠ - বাংলা ব্যাকরণ (বচন)
প্রশ্ন পত্র

বহু বিকল্প ভিত্তিক প্রশ্নাবলী:

(১×১৫=১৫)

১/ যার দ্বারা কোন ব্যক্তি বস্তু বা প্রাণীর সংখ্যার বিষয়ে আমাদের বোধ জন্মায় তাকে বলে

- | | |
|-----------|------------|
| (i) পুরুষ | (ii) লিঙ্গ |
| (iii) বচন | (iv) সমাস |

২/ বচন প্রধানত কয় প্রকার?

- | | |
|------------------|------------------|
| (i) দুই প্রকার | (ii) এক প্রকার |
| (iii) চার প্রকার | (iv) পাঁচ প্রকার |

৩/ যে বচন দ্বারা একটি মাত্র ব্যক্তি কে বোঝায় তাকে বলে

- | | |
|-------------|------------------|
| (i) বহুবচন | (ii) দ্বিবচন |
| (iii) একবচন | (iv) কোনোটিই নয় |

৪/ বহু বচনের ক্ষেত্রে

- | | |
|---|---|
| (i) একটি ব্যক্তি বা বস্তুকে বোঝায় | (ii) দুটি ব্যক্তি বা বস্তুকে বোঝায় |
| (iii) একের বেশি ব্যক্তি বা বস্তুকে বোঝায় | (iv) দুইয়ের বেশি ব্যক্তি বা বস্তুকে বোঝায় |

৫/ বচন হয় কেবলমাত্র

- | | |
|------------------------------|-----------------------------|
| (i) বিশেষ্য ও বিশেষণ পদের | (ii) বিশেষণ ও সর্বনাম পদের |
| (iii) বিশেষ্য ও সর্বনাম পদের | (iv) ক্রিয়া ও সর্বনাম পদের |

৬/ 'চাঁদ' পৃথিবীর উপগ্রহ। এই বাক্যে চাঁদ শব্দটি

- | | |
|--------------|------------------|
| (i) একবচন | (ii) দ্বিবচন |
| (iii) বহুবচন | (iv) কোনোটিই নয় |

৭/ বিশেষ্য পদের পরে টি টা প্রভৃতি শব্দ বসিয়ে কোন বচন বোঝানো হয়?

- | | |
|--------------|------------------|
| (i) একবচন | (ii) দ্বিবচন |
| (iii) বহুবচন | (iv) কোনোটিই নয় |

৮/ শব্দের শেষে কোন প্রত্যয় যোগ করে বহুবচন বোঝানো হয় তা চিহ্নিত করো।

- | | |
|------------|-------------------|
| (i) খানা | (ii) গাছি |
| (iii) গুলি | (iv) কোনোটিই নয়। |

৯/ নিম্নলিখিত শব্দ গুলির মধ্যে কোনটি বহুবচন বাচক শব্দ নয় তা লেখ।

- | | |
|-----------|------------|
| (i) কুল | (ii) বৃন্দ |
| (iii) সভা | (iv) খানা |

Worksheet – 3

১০/ কোন বহুবচনটি ভুল তা লেখ।

- (i) আমগুলো
- (iii) ছেলে বৃন্দ

- (ii) প্রাণী গণ
- (iv) উপরের তিনটিই।

১১/ 'আমি' শব্দটির বহুবচন করলে হয়–

- (i) আমাদের
- (iii) আমাকে

- (ii) আমরা
- (iv) আমার

১২/ 'আপনাদের' শব্দটির একবচন হয়–

- (i) আপনার
- (iii) আপনাকে

- (ii) আপনি
- (iv) আপনাদেরকে

১৩/ ভারতীয় সেনাবাহিনী যুদ্ধে খুবই দক্ষ। এখানে সেনাবাহিনী শব্দটি হল–

- (i) একবচন
- (iii) বহুবচন

- (ii) দ্বিবচন
- (iv) কোনোটিই নয়

১৪/ কোন বাক্যটি ঠিক তা লেখ।

- (i) বচন অনুসারে ক্রিয়া পদের রূপের কোন পরিবর্তন হয় না।
- (ii) বচন অনুসারে ক্রিয়াপদের রূপের সামান্য পরিবর্তন হয়।
- (iii) বচন অনুসারে ক্রিয়াপদের রূপের পরিবর্তন হতে পারে নাও হতে পারে।
- (iv) বচন অনুসারে ক্রিয়াপদ সম্পূর্ণ বদলে যায়।

১৫/ একবচন এর চিহ্ন গুলি হল–

- (i) গুলি, দিগের, এর
- (iii) কুল, জন, বর্গ

- (ii) টা, টি, খানা,
- (iv) কোনোটিই নয়।

Teacher's Name: Antara Ghosh